

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
“ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারালাইজড ও
জন্মগত হৃদরোগীর আর্থিক সহায়তা কর্মসূচি”
সমাজসেবা ভবন
ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০৫২.০২.০০১.১৪. ৫২

তারিখ: ৭ ভাদ্র ১৪২৩
২২ আগষ্ট ২০১৬

বিষয়: ২০১৬-১৭ অর্থ বছরে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়িত “ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীর আর্থিক সহায়তা কর্মসূচি”র আবেদনপত্র আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০১৬-১৭ অর্থ বছরের সমাজকল্যাণ মন্ত্রণালয়স্বতন্ত্র সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়িত “ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীর আর্থিক সহায়তা কর্মসূচি”র আওতায় নির্দিষ্ট ফরমে আবেদন আহ্বান করার জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক আগামী ২২শে সেপ্টেম্বর ২০১৬ তারিখের মধ্যে কর্মসূচি পরিচালক, “ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীর আর্থিক সহায়তা কর্মসূচি” সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে। উল্লেখ্য, জেলা কমিটির সভায় সুপারিশকৃত আবেদনসমূহ (প্রয়োজনীয় কাগজপত্রসহ) রেজুলেশনসহ সংযুক্ত ছক মোতাবেক উপজেলা অনুযায়ী রোগভিত্তিক তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া সংযুক্ত ছক মোতাবেক তালিকার সফট কপি (Microsoft Word-এর ফাইল) kaoserdss@gmail.com ঠিকানায় (ই-মেইল যোগে) প্রেরণ করতে হবে।


০২। এ সংক্রান্ত নীতিমালা ও আবেদন ফরম সমাজসেবা অধিদফতরের ওয়েব সাইট (www.dss.gov.bd) থেকে ডাউনলোড করে ব্যবহার করা যাবে।

০৩। যারা ইতোপূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

০৪। যারা ইতোপূর্বে এ কর্মসূচি হতে আর্থিক সহায়তা পেয়েছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

০৫। প্রয়োজনীয় কাগজপত্র বিহীন/অসম্পূর্ণ আবেদনপত্র প্রেরণ না করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


(মোঃ সাফির ইমাম)
কর্মসূচি পরিচালক
☎ ৯১১১৭৪৯
ফ্যাক্স: (০২) ৯১৩৩৬৪৩
ই-মেইল: pd.cklt@dss.gov.bd

উপপরিচালক

জেলা সমাজসেবা কার্যালয় (সকল জেলা)

.....।

বিতরণ (সদয় জ্ঞাতার্থে):

১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ,

৩। পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।